

[বাংলাদেশ গেজেটে পরবর্তী বিশেষ সংখ্যায় প্রকাশিতব্য]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা।

[মূল্য সংযোজন কর]

বিশেষ আদেশ

বিশেষ আদেশ নং- ০১/মুসক/২০২১

তারিখঃ ১৩ মার্চ, ১৪২৭ বঙ্গাব্দ।
২৭ জানুয়ারি, ২০২১ খ্রিষ্টাব্দ।

বিষয়ঃ মোবাইল অপারেটরগণ কর্তৃক বিটিআরসি'কে দ্বিতীয় ও তৃতীয় প্রজন্মের (2G ও 3G) লাইসেন্স ব্যবহারের শর্ত অনুযায়ী প্রদত্ত রেভিনিউ শেয়ারিং এর বিপরীতে মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান।

যেহেতু, মোবাইল অপারেটরগণ প্রাহকদের নিকট হইতে যে সেবামূল্য আদায় করে তাহার উপর ১৫ শতাংশ হারে মূসক পরিশোধের পর প্রাপ্ত নীট অর্থ হইতে রেভিনিউ শেয়ারিং হিসাবে ৫.৫ শতাংশ অর্থ দ্বিতীয় ও তৃতীয় প্রজন্মের (2G ও 3G) লাইসেন্স ব্যবহারের শর্ত অনুযায়ী বাংলাদেশ টেলিকমিউনিকেশন রেগুলেটরী কমিশন (বিটিআরসি) কে প্রদান করিয়া থাকে; এবং

যেহেতু, রেভিনিউ শেয়ারিং হিসাবে পরিশোধযোগ্য রাজস্বের উপর উৎসে মূল্য সংযোজন কর কর্তন ও আদায় বিধিমালা, ২০২০ এর বিধি ৩ এর উপ-বিধি (৫) অনুযায়ী বিটিআরসি কর্তৃক ১৫ শতাংশ হারে মূল্য সংযোজন কর উৎসে আদায়/কর্তনের বাধ্যবাধকতা রহিয়াছে এবং এই ক্ষেত্রে দ্বৈত মূল্য সংযোজন কর আরোপিত হইয়া যায়;

সেহেতু, দ্বৈত মূল্য সংযোজন কর পরিহার করিবার লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে, বাংলাদেশ টেলিকমিউনিকেশন রেগুলেটরী কমিশন (বিটিআরসি) কে দ্বিতীয় ও তৃতীয় প্রজন্মের (2G ও 3G) লাইসেন্স ব্যবহারের শর্ত অনুযায়ী রেভিনিউ শেয়ারিং হিসাবে মোবাইল অপারেটর কর্তৃক প্রদেয় রাজস্ব হইতে উৎসে মূল্য সংযোজন কর কর্তন/আদায় থেকে অব্যাহতি প্রদান করিল।

২। এই আদেশ ০১ জুলাই, ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,


২৭/১/২০২১
(কাঞ্জী ফরিদ উদ্দীন)

প্রথম সচিব (মুসক নীতি)

ফোনঃ ৮৩১৮১২০, এক্সঃ ২৩১

ই-মেইলঃ vatpolicy@gmail.com

প্রাপকঃ উপ-নিয়ন্ত্রক

বাংলাদেশ সরকারী মুদ্রণালয়
তেজগাঁও, ঢাকা।

[তাঁহাকে উল্লিখিত আদেশ এর ১০০ (একশত) গেজেট কপি মুদ্রণ ও মুদ্রিত কপি সরাসরি জাতীয় রাজস্ব বোর্ডে
সরবরাহের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইলো]

অনলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নথি):

- ১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন, আইইবি ভবন, রমনা, ঢাকা।
- ৩-৫। সদস্য (মূসক নীতি) / (মূসক বাস্তবায়ন ও আইটি) / (মূসক নিরীক্ষা ও গোয়েন্দা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৬। কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট (মূসক), দ্বিতীয় ১২ তলা সরকারি অফিস ভবন, কাকরাইল, ঢাকা। [তাঁর ১৬/১১/২০২০ খ্রিষ্টাব্দ তারিখের পত্র নং- ০৮.০১.০০০০.০০১.৯৯.০১৯.১৯/অংশ-১/১১৪১(৫-১১) এর যোগসূত্রে]।
- ৭-১৭। কমিশনার, কাস্টমস, এআইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা(উত্তর)/ঢাকা(দক্ষিণ)/ঢাকা(পূর্ব)/ঢাকা(পশ্চিম)/
রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/যশোর/রংপুর/কুমিল্লা/সিলেট/বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা।
- ১৮-১৯। মহাপরিচালক, নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর-মূসক/ কাস্টমস, এআইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।
- ২০। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েব সাইটে আপলোডকরণের অনুরোধসহ)।
- ২১। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিঃ, প্রধান কার্যালয়, টেলিযোগাযোগ ভবন, ৩৭/ই, ইক্সটেন গার্ডেন, ঢাকা-১০০০।
- ২২। ব্যবস্থাপনা পরিচালক, গ্রামীনফোন লিমিটেড, জিপি হাউস, বসুন্ধরা, বারিধারা, ঢাকা-১২২৯।
- ২৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলালিংক ডিজিটাল কমিউনিকেশন্স লিঃ, টাইগারস ডেন, বাড়ী নং-৪, বীর উত্তম মীর
শওকত সড়ক, গুলশান-১, ঢাকা-১২১২।
- ২৪। ব্যবস্থাপনা পরিচালক, রবি অজিয়েটা লিমিটেড, ৫৩, গুলশান সাউথ এভিনিউ, গুলশান-১, ঢাকা-১২১২।
- ২৫। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিঃ, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স, হোল্ডিং নং- ৩/এ, রোড নং-
১৭, গুলশান-১, ঢাকা-১২১২।
- ২৬। মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ২৭। প্রথম সচিব, (মূসক বাস্তবায়ন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২৮। একান্ত সচিব, চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]।

০৮/০১/২০
(কাজী রেজাউল হাসান)
 দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)
 ফোনঃ ৮৩১৮১২০, এক্সঃ ৩৪৮
 ই-মেইলঃ vatpolicy@gmail.com